



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/খুলনা-১১/ ১৫৬৪/৬

তারিখঃ ০৫/০৫/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৪.০০১.১৭-৩৪৮(যুক্ত); তারিখঃ ০২/০৪/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/খুলনা-১১/১৫৭৬/৩; তারিখঃ ১৯/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার রূপসা উপজেলাধীন এ, বি, সি, ডি, এস, হোসেনপুর ছিদ্দিকিয়া দাখিল মাদরাসার সুপার এর বিরুদ্ধে সভাপতি জনাব মোঃ আব্দুল জব্বার শেখ একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে সুপার এর বিরুদ্ধে বিধি বহির্ভূতভাবে কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

২) অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, রূপসা, খুলনা এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্র উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার জনাব মোঃ আব্দুল জলিলের বিরুদ্ধে সভাপতি জনাব মোঃ আঃ জব্বার শেখের আনিত অভিযোগ অনেকাংশে সত্য। ভোটার তালিকা প্রস্তুত, নমিনেশন ফরম বিতরণ ও গ্রহণ, কমিটি নির্বাচনের ক্ষেত্রে যথাযথ বিধি অনুসরণ না করায় জনসাধারণের কাছে এই নির্বাচন প্রশ্নবিদ্ধ। এছাড়া তদন্তকারী কর্মকর্তা সার্বিক পরিস্থিতি বিবেচনা করে এডহক কমিটি গঠন করা যেতে পারে মর্মে সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়া গেলনা এবং প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার/ভারপ্রাপ্ত সুপার, এ, বি, সি, ডি, এস, হোসেনপুর ছিদ্দিকিয়া দাখিল মাদরাসা
ডাকঘর- আজগড়া, রূপসা, খুলনা

নং- বামাশিবো/প্রশা/খুলনা-১১/

তারিখঃ ০৫/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা
৪. জনাব মোঃ আব্দুল জব্বার শেখ, সভাপতি, এ, বি, সি, ডি, এস, হোসেনপুর ছিদ্দিকিয়া দাখিল মাদরাসা, আজগড়া, রূপসা, খুলনা
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪